# হিসনুল মুসলিম

বিভাগ/অধ্যায়ঃ ঈমান সুরক্ষা

রচয়িতা/সঙ্কলকঃ ড. সাঈদ ইব্‌ন আলী ইব্‌ন ওয়াহফ আল-ক্বাহত্বানী

৪০. ঈমানের মধ্যে সন্দেহে পতিত ব্যক্তির দো‘আ

১৩৩-(১) আল্লাহ্‌র কাছে আশ্রয় প্রার্থনা করবে (‘আঊযু বিল্লা-হ’ বলবে)।[1]

(২) যে সন্দেহে নিপতিত হয়েছে তা দূর করবে।[2]

১৩৪- (৩) বলবে,

«آمَنْتُ بِاللَّهِ وَرُسُلِهِ».

(আ-মানতু বিল্লা-হি ওয়া রুসুলিহি)

“আমি আল্লাহ ও তাঁর রাসূলগণের উপর ঈমান আনলাম।”[3]

১৩৫-(৪) আল্লাহ্‌ তা‘আলার নিম্নোক্ত বাণী পড়বে,

« ﴿هُوَ الْأَوَّلُ وَالْآخِرُ وَالظَّاهِرُ وَالْبَاطِنُ وَهُوَ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ﴾».

(হুয়াল আউওয়ালু ওয়াল আ-খিরু ওয়ায্যা-হিরু ওয়াল-বা-ত্বিনু ওয়া হুয়া বিকুল্লি শাই’ইন ‘আলীম)।

“তিনিই সর্বপ্রথম, তিনিই সর্বশেষ, তিনিই সকলের উপরে, তিনিই সকলের নিকটে এবং তিনি সব কিছু সম্পর্কে সর্বজ্ঞ।”[4]

## ফুটনোট

[1] বুখারী, (ফাতহুল বারীসহ) ৬/৩৩৬, নং ৩২৭৬; মুসলিম ১/১২০, নং ১৩৪।

[2] বুখারী, (ফাতহুল বারীসহ) ৬/৩৩৬, নং ৩২৭৬; মুসলিম ১/১২০, ১৩৪।

[3] মুসলিম ১/১১৯-১২০, নং ১৩৪।

[4] সূরা হাদীদ-৩, আবূ দাউদ ৪/৩২৯, নং ৫১১০। আর শাইখ আলবানী সহীহ আবি দাউদ ৩/৯৬২ একে হাসান বলেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=956

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন